গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক) **প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ :**

১.০	**প্রকল্পের নাম**	:	জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্প (জেএমআরআইপি)
২.০	**বাস্তবায়নকারী সংস্থা**	:	সড়ক ও জনপথ অধিদপ্তর
৩.০	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪.০	**প্রকল্পের অবস্থান**	:	গাজীপুর সদর, শ্রীপুর, ভালুকা,ত্রিশাল, ময়মনসিংহ সদর
৫.০	**প্রকল্পের অনুমোদিত ব্যয়**	:	১৮১৫১২.১৯ লক্ষ টাকা।
৬.০	**প্রকল্পের বাস্তবায়নকাল**	:	০১-০৭-২০১০ থেকে ৩০-০৬-২০১৭

৭.০ **প্রকল্পের পটভূমিঃ** সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বিগত ২০ বছরে দেশের প্রায় ২১০০০ কিঃমিঃ জাতীয় মহাসড়কের উন্নয়ন সম্পন্ন হয়েছে। তবে জয়দেবপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সড়ক হওয়া সত্ত্বেও তা উন্নয়ন করা হয়নি। উল্লেখ্য যে, বিশ্বব্যাংকের অর্থায়নে রোড সেক্টর রিফর্ম প্রকল্পের আওতায় উক্ত সড়কটি নির্মাণের প্রস্তাব করা হয়েছিল। প্রকল্পটি গত ১৪/০৯/২০০৬ তারিখে একনেক কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হয়। পরবর্তীতে বিশ্বব্যাংক প্রকল্পটি অর্থায়নে অনীহা প্রকাশ করায় উক্ত প্রকল্পটি একনেক কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়নি। উল্লেখ্য, জয়দেবপুর-ময়মনসিংহ সড়কটি N3 জাতীয় মহাসড়কের একটি অংশ এবং এ সড়কের AADT (Average Annual Daily Traffic) অনেক স্থানে ৩০০০০ অতিক্রম করেছে। এ পরিমান ট্রাফিক ভলিউম ২-লেন বিশিষ্ট উক্ত সড়কের জন্য অত্যন্ত বেশী এবং এর ফলে সড়কের বিভিন্ন স্থানে প্রতিনিয়ত যানজট সৃষ্টি ও যানবাহন দুর্ঘটনায় কবলিত হয়। প্রকল্প এলাকায় শিল্প-কারখানার সংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ার সাথে সাথে এ সড়কের যানবাহন চলাচলের পরিমাণও দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, প্রস্তাবিত প্রকল্পের আওতায় সড়কটিকে ২-লেন থেকে ৪-লেনে উন্নীতকরণের প্রস্তাব করা হয়। প্রকল্পটি গত ০৮/০৬/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৯০২২২.৩৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। বিভিন্ন অঙ্গের পরিমাণ হ্রাস/বৃদ্ধির কারণে ব্যয় বৃদ্ধি পাওয়ায় গত ১১/১২/২০১১ তারিখে তৎকালীন মাননীয় যোগাযোগ মন্ত্রী কর্তৃক প্রকল্পটি ৯৯২১০.০৫ লক্ষ টাকা ও বাস্তবায়ন মেয়াদ ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৩ নির্ধারণপূর্বক ১ম সংশোধন অনুমোদিত হয় । পরবর্তীতে ০৮/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৮১৫১২.১৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫ বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটির ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হলো ৮৭.৬৭ কিঃমিঃ দীর্ঘ জয়দেবপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়ক উন্নয়ন এর মাধ্যমে রাজধানী ঢাকার সাথে বৃহত্তর ময়মনসিংহ জেলার সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।

৯.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

পরামর্শক সেবা (১১১৭.৫০ জনমাস), ৮.৬৬ হেক্টর ভূমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ, ২,৯৩৬,১৯৩ ঘন মিটার মাটির কাজ, ৮৭.১৮ কিঃমি পেভমেন্ট ওয়ার্ক, স্ট্রাকচার নির্মাণ (ব্রীজ ৫টি, ফ্লাইওভার-১টি, রেলওয়ে ওভারব্রীজ-১টি, ফুটওভার ব্রীজ-৪টি বক্স কালভার্ট-১৫৬ টি), ইউটিলিটি শিফটিং, ইন্সিডেন্টালস ইত্যাদি কার্যক্রম।

খ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR)

১০.০ পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

১০.১ প্রকল্পের ১০০% প্রভাব মূল্যায়নের আওতাভুক্ত হিসেবে বিবেচনা করতে হবে;

১০.২ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

১০.৩ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১০.৪ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

১০.৫ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্ছণীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

১০.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগৃহিতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.৭ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্ছণীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

১০.৮ ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারের পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

১০.৯ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থ ছাড়ে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.১০ প্রকল্পের SWOT বিশ্লেষণ ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দুর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১০.১১ প্রকল্পের success story ও প্রকল্পের মাধ্যমে গৃহীত কার্যক্রমসমূহের টেকসইকরণ পরিকল্পনা (Sustainable plan) বিষয়ে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও মতামত প্রদান;

১০.১২ আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটির প্রভাব মূল্যায়ন;

১০.১৩ প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলকে output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১৪ প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১৫ প্রকল্পের বাস্তবায়নের আগে ও পরে এর বিভিন্ন রুটে ট্রাফিক ভলিউমের তুলনামূলক পর্যালোচনা;

১০.১৬ প্রকল্পের সড়কসমূহে সাইন-সিগন্যাল পোস্ট এর ব্যবহার এবং ট্রাফিক সেবা এবং শৃংখলায় এগুলোর প্রভাব মূল্যায়ন;

১০.১৭ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসহ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ;

১০.১৮ স্থানীয় পর্যায়ের একটি ও জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Findings) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে মূল্যায়ন প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং

১০.১৯ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১১.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক ফার্ম	-	• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টীম লিডার হিসেবে কাজ করার কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা /ডেপুটি টীম লিডার হিসেবে কাজ করার কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা; • সড়ক ও সেতু নির্মাণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • সড়ক ও সেতু নির্মাণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ণে বিশেষ দক্ষতা।
	গ) সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • সড়ক নিরাপত্তা সংক্রান্ত কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ণে বিশেষ দক্ষতা।

	ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ণে বিশেষ দক্ষতা।

১২.০ **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

ক্রমিক	প্রতিবেদনের নাম ও সংখ্যা	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনেশন কর্মশালা ৭৫ কপি)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে) (বাংলা ৪০ + ইংরেজী ২০) কপি	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

১৩.০ **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন/পিসিআর); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।